ত্রৈমাসিক

# পূবালী বার্তা

- পূবালী ব্যাংক লিমিটেড এর একটি প্রকাশনা । জানুয়ারি ২০২৩ ঃ সংখ্যা ২৩

পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

সর্ববৃহৎ বেসরকারী বাণিজ্যিক ব্যাংক



## প্রধানমন্ত্রী ঘোষিত গৃহহীনদের জমিসহ ঘর উপহার প্রদান প্রকল্পে পূবালী ব্যাংক লিমিটেডের ০৪ (চার) কোটি টাকা অনুদান

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে পূবালী ব্যাংক লিমিটেড মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত গৃহহীনদের জমিসহ ঘর উপহার প্রদান প্রকল্পে ০৪ (চার) কোটি টাকার অনুদান প্রদান করেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে অনুদানের চেক তুলে দেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান।

উল্লেখ্য, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, সমাজের প্রতি দায়বদ্ধতাও রয়েছে। এই দায়বদ্ধতা থেকেই প্রধানমন্ত্রী ঘোষিত গৃহহীনদের জমিসহ ঘর উপহার প্রদান প্রকল্পে ০৪ (চার) কোটি টাকার অনুদান প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেড অতীতেও দেশের যে কোন উন্নয়নমূলক কর্মকান্ডে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে এসেছে।




## বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরীর সংবর্ধনা

পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী শফিউল আলম খান চৌধুরীর সূদীর্ঘ ৩৯ বছরের সফল কর্মজীবন সমাপ্তিতে গত ১৮ অক্টোবর-২২ইং তারিখে প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে "তোমাদের কাছে এসেছিলাম, তোমাদের ভালোবেসেছিলাম" শিরোনামে তাঁর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়। সংবর্ধনা অনুষ্ঠানে ব্যাংকের পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মনজুরুর রহমান স্বশরীরে ও পরিচালনা পর্ষদ সদস্য, মনির উদ্দিন আহমদ, ফাহিম আহমদ ফারুক চৌধুরী, রুমানা শরীফ, আজিজুর রহমান ও স্বতন্ত্র পরিচালক ড. শাহ্‌দীন মালিক ভার্চুয়ালি যোগদান করেন। এসময় মঞ্চে উপবিষ্ট পর্ষদের চেয়ারম্যান, নির্বাহীবৃন্দ ও বিদায়ী ব্যবস্থাপনা পরিচালকসহ তাঁর সুযোগ্য সহধর্মিনী নাসরিন চৌধুরীকে ফুল দিয়ে বরণ করা হয়।

পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মনজুরুর রহমান, ব্যাংকে শিক্ষানবীশ থেকে সর্বোচ্চ পদে অধিষ্ঠিত হওয়ায় শফিউল আলম খান চৌধুরীকে বিদায়ী শুভেচ্ছা জানান ও নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলীকে স্বাগত জানান। তিনি বলেন, বিদায়ী ব্যবস্থাপনা পরিচালকের কঠোর পরিশ্রম, সততা, নৈতিকতা ও যত্নশীল দৃঢ় সামাজিক সম্পর্ক অত্যন্ত অনুকরণীয় এবং মেধা ও প্রজ্ঞাসম্পন্ন নতুন ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে ব্যাংক আরো এগিয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করে দু'জনেরই সুস্বাস্থ্য ও দীর্ঘজীবন কামনা করেন। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী, শফিউল আলম খান চৌধুরীকে পূবালীয়ানদের জন্য Corporate

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ২*



## মোহাম্মদ আলী পূবালী ব্যাংকের নতুন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা

মোহাম্মদ আলী পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে পরিচালনা পর্ষদ কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়েছেন। এর পূর্বে তিনি ০১ জুলাই ২০২০ থেকে পূবালী ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও চিফ অপারেটিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করেছেন।

জনাব আলী ২০০৮ সালে মহাব্যবস্থাপক ও চিফ টেকনিক্যাল অফিসার পদে পূবালী ব্যাংকে যোগদান করেন। পরবর্তীতে তিনি ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে পদোন্নতি প্রাপ্ত হন। তিনি পূবালী ব্যাংকের Credit Committee এর চেয়ারম্যানসহ বিভিন্ন সময়ে Chief Risk Officer, CAMLCO এবং CTO এর দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি উপ-ব্যবস্থাপনা পরিচালক ও অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক হিসেবে International Division, Credit Division, Treasury Division, Consumer Credit, Card ইত্যাদি বিভাগের নেতৃত্ব দেন।

জনাব আলী রংপুর ক্যাডেট কলেজ হতে HSC-তে সম্মিলিত মেধা তালিকায় স্থান অর্জনসহ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ও স্নাতকোত্তর এবং ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডেভেলপমেন্ট স্টাডিজ, IBA থেকে এক্সিকিউটিভ এমবিএ (মার্কেটিং) এবং AUST থেকে এমবিএ (ফিন্যান্স) বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ডেভেলপমেন্ট স্টাডিজে ডীনস্ অ্যাওয়ার্ড পান। এছাড়াও তিনি দেশে বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার ও কনফারেন্সে অংশগ্রহণ করেছেন।

ত্রৈমাসিক
পূবালী বার্তা

জানুয়ারি ২০২৩ ঃ সংখ্যা ২৩



## প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে পূবালী ব্যাংক লিমিটেডের কম্বল প্রদান

সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে দুস্থ ও শীতার্তদের মাঝে বিতরণের জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে পূবালী ব্যাংক লিমিটেডের পক্ষ থেকে কম্বল প্রদান করা হয়েছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে অনুদানের কম্বল তুলে দেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের পরিচালক মনির উদ্দিন আহমদ। এসময় পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।




## পূবালী ব্যাংক লিমিটেড এর অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রথম ব্যবসায়িক সম্মেলন-২০২৩ অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড এর অঞ্চল ও কর্পোরেট শাখা প্রধানদের প্রথম ব্যবসায়িক সম্মেলন-২০২৩ ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে আজ ১৯ জানুয়ারি ২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। সকল অঞ্চল প্রধান, কর্পোরেট শাখা প্রধান এবং সকল বিভাগ প্রধান ও নির্বাহীদের অংশগ্রহণে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মনজুরুর রহমান। সম্মেলনে সভাপতিত্ব করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আলী।

ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ- মোহাম্মদ ইছা ও মোহাম্মদ শাহাদাত হোসেন সম্মেলনে উপস্থিত ছিলেন। জেনারেল ব্যাংকিং ও অপারেশন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ সম্মেলনে স্বাগত বক্তব্য প্রদান করেন।

প্রধান অতিথির বক্তব্যে চেয়ারম্যান মনজুরুর রহমান বর্তমান অর্থনৈতিক পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রনকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে ব্যাংকিং পরিচালনার জন্য নির্দেশ প্রদান করেন। ব্যাংকিং নীতিমালার যেন কোন ধরণের ব্যত্যয় না ঘটে এ দিকটায় বিশেষ দৃষ্টি দেয়ার জন্য তিনি

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*

## শোক বার্তা



পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের পরিচালক আহমদ সফি চৌধুরী গত ২০ জানুয়ারি ২০২৩ শুক্রবার রাত ১১.৪৫ মিনিটে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।
তাঁর মৃত্যুতে পূবালী ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ এবং কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করেছেন।
মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে মরহুমের শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেছেন পূবালী পরিবার।



## বাংলাদেশ ব্যাংক ও পূবালী ব্যাংক লিমিটেডের মধ্যে চুক্তি স্বাক্ষর

দেশের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে গঠিত পাঁচ হাজার কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় ঋণ বিতরণে বাংলাদেশ ব্যাংকের সাথে পূবালী ব্যাংক লিমিটেড একটি চুক্তি স্বাক্ষর করেছে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার এর উপস্থিতিতে সম্মেলন কক্ষে অনুষ্ঠিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী এবং বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের পরিচালক মোঃ আবুল কালাম আজাদ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর একেএম সাজেদুর রহমান খান উপস্থিত ছিলেন।

# ব্রিটিশ ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট এর সাথে পূবালী ব্যাংক লিমিটেডের ৫০ মিলিয়ন ডলারের ঋণ সুবিধা চুক্তি




যুক্তরাজ্যের উন্নয়ন অর্থ সংস্থা ব্রিটিশ ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট (বিআইআই) এর সাথে পূবালী ব্যাংক লিমিটেডের ৫০ মিলিয়ন ডলারের মেয়াদী ঋণ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই মেয়াদী ঋণ সুবিধা জলবায়ু সম্পর্কিত ঋণ বৃদ্ধি এবং সারা বাংলাদেশে জলবায়ু নিরাপত্তা নিশ্চিত করে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করতে সহায়তা করবে। ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী, উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন, মহাব্যবস্থাপক ও আন্তর্জাতিক বিভাগ প্রধান নিশাত মাইসুরা রহমান এবং ব্রিটিশ ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর এম রেহান রশিদ ও ইনভেস্টমেন্ট এক্সিকিউটিভ মুকিত-আল রহমান উপস্থিত ছিলেন।

বিআইআই -এর তহবিল মেয়াদী ঋণ প্রদানের মাধ্যমে পূবালী ব্যাংকের টেকসই আর্থিক ঋণ পোর্টফোলিওর উন্নয়নে সহায়তা করবে, যার ফলস্বরূপ পূবালী ব্যাংক তার গ্রাহকদের জলবায়ু প্রকল্পে প্রয়োজনীয় প্রধান সরঞ্জাম অধিগ্রহণ এবং জলবায়ু-সম্পর্কিত প্রযুক্তিগত সমাধান বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় মেয়াদী অর্থায়ন কার্যক্রম পরিচালনা করবে।

ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার রবার্ট চ্যাটার্টন ডিকসন বলেছেন: "আমি আনন্দিত যে ব্রিটিশ ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*



# সুনামগঞ্জে "Prevention of Money Laundering and Combating the Finance of Terrorism" বিষয়ক কর্মশালা

সম্প্রতি বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কর্তৃক আয়োজিত লীড ব্যাংক হিসেবে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনায় সুনামগঞ্জের সকল বাণিজ্যিক ব্যাংকের ৭৫ জন কর্মকর্তা নিয়ে Prevention of Money Laundering and Combating the Finance of Terrorism বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) এর পরিচালক মোঃ আরিফুজ্জামান। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী কর্মশালায় ভার্চুয়ালি শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। পূবালী ব্যাংকের এন্টি মানি লন্ডারিং ডিভিশন ও মার্কেটিং ডিভিশন প্রধান উপ-মহাব্যবস্থাপক শ্যাম সুন্দর বণিকের সভাপতিত্বে এই কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিএফআইইউর অতিরিক্ত পরিচালক মোঃ মহসিন হোসেন, পূবালী ব্যাংক সিলেট প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক আবু লাইছ মোঃ শামসুজ্জামান, সিলেট পশ্চিম অঞ্চল প্রধান উপ-মহাব্যবস্থাপক মোঃ সাইফুল ইসলাম উপস্থিত ছিলেন।

কর্মশালায় সুনামগঞ্জ জেলার সকল বানিজ্যিক ব্যাংকের ৭৫ জন ব্যাংক কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণ প্রদান করেন বিএফআইইউর যুগ্ম পরিচালক মো. রোকনুজ্জামান, এফ এম সালেহ উদ্দিন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের মধ্যে সার্টিফিকেট ও পুরস্কার বিতরণ করা হয়।

কর্মশালার প্রধান অতিথি মোঃ আরিফুজ্জামান বলেন, এই অনুষ্ঠানের মূল উদ্দেশ্য হল এই অঞ্চল যেহেতু একটা রেমিট্যান্স হাব, তাই এখানে ব্যাংকিং চ্যানেলে যেন বাংলাদেশে রেমিট্যান্স আসে এবং অন্যান্য যে ইস্যু আছে সেটার মাধ্যমে আমাদের দেশ থেকে ফরেন কারেন্সি কারো মাধ্যমে বাহিরে পাচার না হয়ে যায় মূলত সেটা বাস্তবায়নের জন্য এই কর্মশালা। সকল রেমিট্যান্স যেনো ব্যাংকিং চ্যানেলে আসে সেই লক্ষ্যে এই কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।




# পূবালী ব্যাংক লিমিটেড ও আইসিএবি'র মধ্যে সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষরিত

পূবালী ব্যাংক লিমিটেড এবং দি ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ বাংলাদেশ (আইসিএবি) এর মধ্যে ডকুমেন্ট ভেরিফিকেশন সিস্টেম (ডিভিএস) সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত একটি সমঝোতা স্মারক সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী এবং আইসিএবি'র প্রেসিডেন্ট মোঃ শাহাদাত হোসেন এফসিএ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে পূবালী ব্যাংকের সিএফও ও মহাব্যবস্থাপক মোহাম্মদ লিটন মিয়া এফসিএ এবং মহাব্যবস্থাপকবৃন্দ- হাবিবুর রহমান, মোঃ শাহনেওয়াজ খান ও মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম মজুমদার উপস্থিত ছিলেন।

দেশের অ্যাকাউন্টিং পদ্ধতিতে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার জন্য এবং নিরীক্ষা প্রতিবেদনের অপব্যবহার রোধ করার জন্য আইসিএবি এই সফটওয়্যার ডেটাবেস ডকুমেন্ট ভেরিফিকেশন সিস্টেম (ডিভিএস) চালু করে। ডিভিএস অ্যাকাউন্টিং সিস্টেমটিকে আরও গ্রহণযোগ্য এবং নির্ভরযোগ্য করে।



ত্রৈমাসিক
পূবালী বার্তা

জানুয়ারি ২০২৩ ঃ সংখ্যা ২৩






## যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ পালিত

যথাযোগ্য মর্যাদায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০২২ পালন করেছে পূবালী ব্যাংক লিমিটেড। ব্যাংকের প্রধান কার্যালয়ে জাতীয় সঙ্গীতের সঙ্গে সুর মিলিয়ে জাতীয় পতাকা অর্ধনমিত করণ এবং কালো পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে শোক দিবসের কর্মসূচী শুরু হয়। বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর ভিত্তি করে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী শফিউল আলম খান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান পরিচালন কর্মকর্তা মোহাম্মদ আলী, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিব জাহিদ আহসান, উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ ইছা, উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন। সভায় স্বাগত বক্তব্য রাখেন মহাব্যবস্থাপক আহমেদ এনায়েত মনজুর। এছাড়াও মহাব্যবস্থাপক দিলীপ কুমার পাল ও মহাব্যবস্থাপক আবু লাইছ মোঃ শামসুজ্জামান অংশ নেন। সারাদেশ থেকে অঞ্চল প্রধানগণ, কর্পোরেট শাখা প্রধানগণ এবং প্রধান কার্যালয়ের বিভাগ প্রধানগণ এই আলোচনা সভায় ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আলম খান চৌধুরী বলেন, বঙ্গবন্ধু আমাদের স্বাধীনতা দিয়েছেন, দিয়েছেন একটি চমৎকার সংবিধান। তিনি বলেন, ব্যক্তি মুজিব, নেতা মুজিব, বঙ্গবন্ধু শেখ মুজিব এবং বঙ্গবন্ধু থেকে জাতির পিতা শেখ মুজিবুর রহমান হয়ে ওঠার প্রতিটি অধ্যায় এক একটি জীবন্ত ইতিহাস। এই দুর্জয় পুরুষের জন্য শুধু সমকালীন বাংলাদেশে নয়, পৃথিবীর যেকোনো দেশের কালের ইতিহাসে গর্বের বিষয় হয়ে থাকবে। তাঁর জয় বাংলা শ্লোগান বাংলা ও বাঙালীর আত্মসম্মান ও আত্ম আবিষ্কারের অমোঘ মন্ত্র।

সভায় বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর ভিত্তি করে নির্মিত তথ্যচিত্র উপস্থাপন করেন অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী। তিনি বলেন, বঙ্গবন্ধু তাঁর পুরো জীবন উৎসর্গ করেছেন গণতান্ত্রিক শোষণমুক্ত একটি সমাজ গড়ে তোলার প্রত্যয়ে। বাংলাদেশ আজ যে অবস্থানে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে- সেটার স্বপ্নদ্রষ্টা বঙ্গবন্ধু। বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক সূত্রে বাঁধা, সেকারণেই বাঙালী জাতি ১৫ আগস্টের ঘাতকদের ঘৃণাভরে প্রত্যাখান করেছে।

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*




## উদ্যোক্তা উন্নয়ন প্রোগ্রামে অংশগ্রহণকারী নতুন উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের আওতাধীন Skills for Employment Investment Program(SEIP),Tranche-III প্রকল্পের অধীনে বাংলাদেশ ব্যাংকের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট কর্তৃক তফসিলি ব্যাংকসমূহের প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে দেশব্যাপী উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম চলমান রয়েছে। উক্ত প্রকল্পের অধীনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত উদ্যোক্তা উন্নয়ন প্রোগ্রাম, নতুন উদ্যোক্তা তহবিল, Start-Up Financing -সহ অন্যান্য আর্থিক খাত সংক্রান্ত সুবিধা সম্পর্কে

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*

## বারডেম জেনারেল হাসপাতালকে এ্যাম্বুলেন্স প্রদান




পূবালী ব্যাংক লিমিটেড সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বারডেম জেনারেল হাসপাতালকে একটি এ্যাম্বুলেন্স প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি অধ্যাপক ডা. এ কে আজাদ খানের নিকট আনুষ্ঠানিকভাবে এ্যাম্বুলেন্সের চাবি হস্তান্তর করেন। এসময় পূবালী ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিওও মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন।

পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী এই উদ্যোগের কথা উল্লেখ করে বলেন, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, এর বাহিরে সামাজিক দায়বদ্ধতাও রয়েছে। এরই প্রেক্ষিতে বারডেম জেনারেল হাসপাতালকে পূবালী ব্যাংক একটি এ্যাম্বুলেন্স অনুদান হিসেবে প্রদান করেছে। তিনি আরও বলেন, এই অনুদান অনাগত দিনগুলোতে দুই প্রতিষ্ঠানের মাঝে সৌহার্দ্য-সম্প্রীতির

*এরপর পৃষ্ঠা ৮ কলাম ৩*




## পূবালী ব্যাংক লিমিটেডে হোম লোন প্রোডাক্টস্ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড কনজুমারস্ ক্রেডিট ডিভিশন এর উদ্যোগে হোম লোন প্রোডাক্টস্ বিষয়ক একটি কর্মশালা সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানি সচিব জাহিদ আহসান। সভাপতিত্ব করেন কনজুমারস্ ক্রেডিট ডিভিশন প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ মালেকুল ইসলাম।

কর্মশালায় প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগ প্রধানগণ; ঢাকার তিন অঞ্চল (দক্ষিণ, উত্তর, কেন্দ্রীয়) এবং নারায়ণগঞ্জ ও গাজীপুর অঞ্চলের অঞ্চল প্রধানগণ, শাখা প্রধানগণ, উপশাখা প্রধানগণ, ইসলামিক ব্যাংকিং উইন্ডো প্রধানগণ, ঢাকা মহানগরের কর্পোরেট শাখা প্রধানগণ, সংশ্লিষ্ট ঋণ কর্মকর্তা, আইন কর্মকর্তা এবং সিএলএস এজেন্টগণ অংশগ্রহণ করেন। রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন দেশের শীর্ষস্থানীয় আবাসন কোম্পানি শেলটেক প্রাইভেট লিমিটেডের কর্মকর্তাবৃন্দ।

ত্রৈমাসিক
পূবালী বার্তা

জানুয়ারি ২০২৩ ঃ সংখ্যা ২৩



## “Information Security Awareness” বিষয়ক ভার্চুয়াল ওয়ার্কশপ অনুষ্ঠিত


পূবালী ব্যাংক লিমিটেড আইসিটি অপারেশন ডিভিশন এর উদ্যোগে সম্প্রতি “Information Security Awareness” বিষয়ক ভার্চুয়াল ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে ওয়ার্কশপের উদ্বোধন করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী। ওয়েবিনারে ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে চিফ টেকনিক্যাল অফিসার ও মহাব্যবস্থাপক জাভেদ হাসান তথ্য নিরাপত্তা ও এর গুরুত্ব সম্পর্কে বক্তব্য প্রদান করেন। আইসিটি অপারেশন ডিভিশন এর মহাব্যবস্থাপক মোঃ হেলাল উদ্দিন পূবালী ব্যাংক লিমিটেডের সিকিউরিটি রোডম্যাপ বিষয়ক বক্তব্য প্রদান করেন।

আইসিটি অপারেশন ডিভিশন এর এসপিও মোহাম্মদ আরিফ ফেরদৌস ওয়ার্কশপে “Basic Security Awareness” ও অন্যান্য দিক নিয়ে আলোচনা করেন।




## পূবালী ব্যাংক লিমিটেড ও সিকদার রিসোর্ট এন্ড ভিলাস এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরিত

পূবালী ব্যাংক লিমিটেড এবং সিকদার রিসোর্ট এন্ড ভিলাস এর মধ্যে একটি সমঝোতা স্মারক সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে স্বাক্ষরিত হয়েছে। পূবালী ব্যাংক লিমিটেডের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও চীফ অপারেটিং অফিসার মোহাম্মদ আলীর উপস্থিতিতে সমঝোতা স্মারকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন পূবালী ব্যাংকের হেড অব কার্ডস্ ও মহাব্যবস্থাপক অসীম কুমার রায় এবং সিকদার রিসোর্ট এন্ড ভিলাস এর হেড অব সেলস্ এন্ড মার্কেটিং মোঃ আশিকুর রহমান। অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের আইসিটি অপারেশন ডিভিশন এর মহাব্যবস্থাপক মোঃ হেলাল উদ্দিন, সফট্ওয়্যার ডেভেলপমেন্ট ডিভিশন এর মহাব্যবস্থাপকদ্বয় ইন্দ্র মোহন সূত্রধর ও আজুবা খন্দকারসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।




## বিশ্বসাহিত্য কেন্দ্রকে ১০(দশ) লক্ষ টাকা অনুদান



সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে ভ্রাম্যমাণ বইমেলা কর্মসূচীর জন্য পূবালী ব্যাংক লিমিটেড বিশ্বসাহিত্য কেন্দ্রকে ১০(দশ) লক্ষ টাকা অনুদান হিসেবে প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেডের সদ্য বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক ও সিইও শফিউল আলম খান চৌধুরী বিশ্বসাহিত্য কেন্দ্রের সভাপতি অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ এর নিকট আনুষ্ঠানিকভাবে অনুদানের চেকটি হস্তান্তর করেন। অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী উপস্থিত ছিলেন। এসময় পূবালী ব্যাংকের সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ এবং প্রিন্সিপাল শাখার উপ-মহাব্যবস্থাপক কাজী শাশ্বতী ইসলাম উপস্থিত ছিলেন।



**"শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস"**

............. ৪র্থ পৃষ্ঠার পর

আলোচনাসভা শেষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারবর্গের আত্মার মাগফেরাৎ কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়। এরপর জাতীয় শোক দিবস উপলক্ষে ঢাকার মগবাজারে অবস্থিত পূবালী ব্যাংক অফিসার্স কোয়ার্টারে বৃক্ষরোপন ও খাদ্যসামগ্রী বিতরণ কর্মসূচী পালন করা হয়।

**"প্রথম ব্যবসায়িক সম্মেলন"**

............. ২য় পৃষ্ঠার পর

আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী বৈশ্বিক অর্থনীতির বর্তমান পরিস্থিতিতে অর্থনৈতিক কার্যক্রমে গতি ফেরাতে ব্যাংকিং খাতের প্রয়োজনের উপর গুরুত্বারোপ করেন। তিনি সকলে মিলে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার মাধ্যমে পরিস্থিতি মোকাবেলার আশাবাদ ব্যক্ত করেন। কনফারেন্সে ব্যবসায়িক অর্জন ও বিশ্লেষণ এবং করণীয় বিষয়ে আলোকপাত করেন ব্যবস্থাপনা পরিচালক।

সম্মেলনে ২০২৩ সালে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিভিন্ন কৌশল ও দিক নিয়ে আলোচনা করা হয়।

**"নতুন উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ"**

............. ৪র্থ পৃষ্ঠার পর

অবহিতকরণ এবং উদ্যোক্তা উন্নয়ন প্রোগ্রামে অংশগ্রহণকারী নতুন উদ্যোক্তাদের মাঝে ঋণ বিতরণ ও লিংকেজ স্থাপনের লক্ষ্যে একটি কনফারেন্স সম্প্রতি বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমিতে অনুষ্ঠিত হয়েছে। উক্ত কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর আব্দুর রউফ তালুকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝউওচ প্রকল্পের নির্বাহী প্রকল্প পরিচালক মোঃ এখলাছুর রহমান। সভাপতিত্ব করেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর আবু ফরাহ মোঃ নাছের।

কনফারেন্সে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলীর উপস্থিতিতে পূবালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত ২৫(পঁচিশ) জন উদ্যোক্তার মধ্যে ০৪(চার) জন উদ্যোক্তাকে ঋণ বিতরণের ডামি চেক প্রদান করা হয়। এসময় পূবালী ব্যাংক লিমিটেডের জেনারেল ম্যানেজার ও হেড অব এসএমই নরেশ চন্দ্র বসাক উপস্থিত ছিলেন।

**"বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক এর সংবর্ধনা"**

............. ১ম পৃষ্ঠার পর

ব্যক্তিত্বের Icon হিসেবে অভিহিত করে বলেন, corporate culture এ communication এর কোনো বিকল্প নেই, যা মিষ্টভাষী তিনি সাবলীলভাবে তুলে ধরতে পেরেছিলেন বলেই প্রধান নির্বাহী হিসেবে স্বল্প সময়েই পূবালীয়ানদের মনের মনিকোঠায় স্থান করে নিয়েছেন । প্রয়োজনে কঠোর ও স্নেহশীল হওয়া, মানবিক ব্যক্তিত্ব শফিউল আলম খান চৌধুরীর সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন এবং জ্ঞানশক্তির বিকাশে ও মিডিয়া জগতে তাঁর সদর্প পদচারনার অভিলাষ প্রকাশ করে বক্তব্য শেষ করেন ।

বিদায়ী ব্যবস্থাপনা পরিচালক তাঁর বক্তব্যে ব্যাংকের পরিচালনা পর্ষদসহ সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন । তিনি পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের কাছে দেশের সব ব্যাংকের অনেক কিছু শেখার আছে বলে মন্তব্য করেন। তিনি আরও বলেন, জীবনের সুনির্ধারিত নিয়ম মেনে চাকুরি ছেড়ে দিতে হবে, এটা একটা বাধ্য-বাধ্যকতা। সুতরাং এত ভালোবাসা দিয়ে বিদায় অনুষ্ঠানে সিক্ত করায় তিনি দুঃখ ভারাক্রান্ত নন, বরং প্রাপ্য ও প্রত্যাশার চেয়ে তাঁর প্রাপ্তি অনেক বেশি, তাই তিনি আনন্দিত । তিনি বর্তমান ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) কে একজন মেধাবী, প্রজ্ঞাবান ও পরিশুদ্ধ নৈতিক চর্চার মানুষ হিসেবে অভিহিত করে তাঁর নেতৃত্বে ব্যাংকের অধিকতর সাফল্যের আশাবাদ ব্যক্ত করেন । তিনি, কর্মজীবনের শেষ সময়ে Integrity Award প্রাপ্তিকে জীবনের অনেক বড় প্রাপ্তি হিসেবে উপলব্ধি করেন এবং পরিচালনা পর্ষদ থেকে শুরু করে সকলের কাছে নিজেকে চিরঋণী হিসেবে অভিহিত করেন এবং পূবালীর সাথে তাঁর চিন্তা চেতনা, মন-মনন, সব কিছুই মিশে থাকবে আজীবন এবং অনেক আনন্দ, সুখ, স্বপ্ন নিয়ে যাচ্ছেন ও অনেক স্বপ্ন দিয়ে যাচ্ছেন বলে মন্তব্য করেন। পরিশেষে, পূবালী ও পূবালীয়ানদের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বক্তব্য শেষ করেন ।

শ্রদ্ধাজ্ঞাপনমূলক বক্তব্য পর্বে ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ জাহিদ আহসান, মোহাম্মদ ইছা এবং মোহাম্মদ শাহাদাৎ হোসেন, ব্যাংকের মহাব্যবস্থাপকবৃন্দ- দেওয়ান রুহুল আহসান, হাবিবুর রহমান, এ. এস. সিরাজুল হক চৌধুরী, আহমদ এনায়েত মনজুর, আবু লাইছ মোঃ শামসুজ্জামান এবং ইসমত আরা হক বক্তব্য রাখেন । এছাড়াও কর্মচারী সংঘ ও এমপ্লয়ীজ ইউনিয়নের নেতৃবৃন্দের মধ্য থেকে মোঃ মাহবুবুল হক ও মোঃ সাইফুল ইসলাম বক্তব্য রাখেন ।

তৃতীয় পর্যায়ে সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠানটির সমাপ্তি হয় ।

**"ব্রিটিশ ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট"**

............. ৩য় পৃষ্ঠার পর

(BII) বাংলাদেশের সর্ববৃহৎ বেসরকারী বাণিজ্যিক ব্যাংক পূবালী ব্যাংককে তাদের সবুজ অর্থায়ন ক্ষমতার বিকাশ এবং তার জলবায়ু পোর্টফোলিও সম্প্রসারণে সহায়তা করছে। যুক্তরাজ্যের এই নতুন অর্থায়ন, জলবায়ু কর্মের উপর দৃষ্টি নিবদ্ধ করে প্রয়োজনীয় জলবায়ু অর্থায়ন পরিচালনা করবে যা গ্রিনহাউস গ্যাস নির্গমন হ্রাসে অবদান রাখবে।

পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী বলেন "জলবায়ু পরিবর্তনের ফলে বাংলাদেশে অর্থনৈতিক ধাক্কা লেগেছে যেখানে আমরা দেখছি কৃষির ফলন কমে গেছে, অবকাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে এবং পণ্যের দাম বেড়েছে। আমাদের বিদ্যমান জলবায়ু-সম্পর্কিত প্রকল্প এবং পোর্টফোলিওর মাধ্যমে, পূবালী ব্যাংক দেশে জলবায়ু পরিবর্তনের জটিল প্রভাব বিষয়ে ওয়াকিবহাল। আমাদের ব্যবস্থাপনার মধ্যে একটি তিন-স্তম্ভের কাঠামো রয়েছে যা সামাজিক, পরিবেশগত এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির উপর দৃষ্টিনিবদ্ধ করে। BII-এর সাথে আমাদের অংশীদারিত্ব দেশের জলবায়ু নিরাপত্তা বজায় রেখে আর্থিক সহায়তা বৃদ্ধি, পরিবেশ সংরক্ষণ এবং অর্থনীতিকে শক্তিশালী করে এমন প্রতিষ্ঠানকে সমর্থন করতে সক্ষম করবে। পূবালী ব্যাংক বাংলাদেশের সমাজ ও পরিবেশের জন্য উপকারী অর্থ প্রদানে অগ্রণী ভূমিকা পালনে সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ।"

ব্রিটিশ ইন্টারন্যাশনাল ইনভেস্টমেন্ট বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর এম. রেহান রশিদ বলেন "পূবালী ব্যাংকে যুগান্তকারী জলবায়ু বিনিয়োগ বাংলাদেশে অর্থনৈতিক ও পরিবেশগত পরিবর্তনে সহায়তা করার জন্য ভূমিকা পালনে বিআইআই-এর প্রতিশ্রুতিকে চিহ্নিত করে। আমরা বাংলাদেশে GHG নির্গমন কমাতে সাহায্যকারী জলবায়ু প্রশমন প্রকল্প এবং ব্যবসার জন্য তহবিল বাড়াতে সাহায্য করার জন্য আমাদের নির্দেশিত ঋণ সুবিধা স্থাপন করতে পেরে আনন্দিত।



প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরীর বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানে পূবালী ব্যাংক এমপ্লয়ীজ ইউনিয়ন (সিবিএ) এর পক্ষ থেকে সম্মাননা স্মারক প্রদান করা হয়।



## পূবালী ব্যাংক লিমিটেড জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসবের "পাওয়ার্ড বাই" স্পন্সর

'বিতর্ক মানেই যুক্তি, বিজ্ঞানে মুক্তি' প্রতিপাদ্যে সমকাল সুহৃদ সমাবেশ আয়োজিত জাতীয় বিজ্ঞান বিতর্ক উৎসবের (২০২২) 'পাওয়ার্ড বাই' স্পন্সর পূবালী ব্যাংক লিমিটেড। এ উপলক্ষে ব্যাংকের প্রধান কার্যালয়ে সমকাল এবং পূবালী ব্যাংক লিমিটেডের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলীর উপস্থিতিতে ব্যাংকের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ মিজানুর রহমান ও সমকাল বিজ্ঞাপন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফরিদুল ইসলাম নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিব জাহিদ আহসান এবং উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন; দৈনিক সমকালের ভারপ্রাপ্ত সম্পাদক মোজাম্মেল হোসেন এবং ব্যাংকের সাধারণ সেবা ও উন্নয়ন বিভাগের মহাব্যবস্থাপক মোঃ ফয়জুল হক শরীফ উপস্থিত ছিলেন।

সমকাল সুহৃদ সমাবেশের আয়োজনে ও বাংলাদেশ ফ্রিডম ফাউন্ডেশনের সহযোগিতায় ৬৪ জেলার ৫২০টি স্কুল অংশ নিচ্ছে এবারের এই আসরে। তরুণ প্রজন্মকে বিজ্ঞানমুখী এবং তাদের মধ্যে যুক্তিবাদী মানস গড়তে এই বিতর্ক উৎসবের যাত্রা শুরু ২০১৩ সালে।

## পূবালী ব্যাংক এমপ্লয়ীজ ইউনিয়ন (সিবিএ) এর কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ এর নব নির্বাচিত কমিটি



**মোঃ রাশিদুল ইসলাম**
সভাপতি



**মোঃ সাইফুল ইসলাম**
সেক্রেটারী জেনারেল



মোঃ জাহাঙ্গীর আলম
কার্যকরী সভাপতি



মোঃ আবু সাঈদ শেখ
সহ-সভাপতি



মোঃ জাহিদুল ইসলাম
সহ-সভাপতি



মোঃ দেলোয়ার হোসেন
যুগ্ম-সেক্রেটারী জেনারেল



মোঃ মোতাহার হোসেন
সহকারী সেক্রেটারী জেনারেল



মোঃ মনিরুজ্জামান (মনির)
সহকারী সেক্রেটারী জেনারেল



মোঃ আকবর হোসেন খান
সাংগঠনিক সম্পাদক



মোহাম্মদ আরমান হোসেন
সাংগঠনিক সম্পাদক



মোঃ সাইদুল ইসলাম বেলাল
সাংগঠনিক সম্পাদক



মোঃ মোশারফ হোসেন
অর্থ সম্পাদক



মোঃ শহিদুল ইসলাম
দপ্তর সম্পাদক



মোঃ মুক্তাদির হোসেন রিয়াদ
প্রচার সম্পাদক



রবিন্দ্র চন্দ্র দাস
সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পাদক



মোঃ আক্কাছ আলী
নির্বাহী সদস্য



মোঃ কামরুল ইসলাম
নির্বাহী সদস্য

## এসএসসি ২০২২ পরীক্ষায় সাফল্য



**আনিকা জামান**
জিপিএ-৫

পিতাঃ মোঃ আসাদুজ্জামান
মাতাঃ শাহানাজ আক্তার তুলি
ডেপুটি জুনিয়র অফিসার (ক্যাশ)
ভাণ্ডারিয়া শাখা, পিরোজপুর



**মির্জা লামিয়া হাসান প্রিয়ন্তী**
জিপিএ-৫

পিতাঃ মির্জা রকিবুল হাসান
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কার্ড অপারেশন বিভাগ
মাতাঃ সালমা আক্তার



**সুমাইয়া আক্তার**
জিপিএ-৫

পিতাঃ মোঃ জিয়াউর রহমান
কেয়ার টেকার
বোর্ড ডিভিশন
মাতাঃ নুরুন নাহার বেগম



**জামিয়া আক্তার**
জিপিএ-৫

পিতাঃ ফজলুল হক
সিনিয়র আর্মড গার্ড
ধানমন্ডি শাখা
মাতাঃ কাজলী আক্তার

## O Level পরীক্ষায় সাফল্য



**মোহাম্মদ আলীফ**

পূবালী ব্যাংক লিমিটেড কেন্দ্রীয় হিসাব বিভাগে কর্মরত সিনিয়র প্রিন্সিপাল অফিসার এ.এইচ. এম.ফেরদৌস এবং গুলশান সার্কেল-০১ শাখার প্রিন্সিপাল অফিসার শামীমা আফরোজ এর পুত্র মোহাম্মদ আলীফ, ক্যামব্রীজ এসেসমেন্ট ইন্টরন্যাশনাল এডুকেশন এর অধীনে সাউথ পয়েন্ট স্কুল ও কলেজ থেকে জুন ২০২২ এ অনুষ্ঠিত ও লেভেল পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। আলীফ ও তাঁর পরিবার সকলের নিকট দোয়াপ্রার্থী।

ত্রৈমাসিক পূবালী বার্তা

জানুয়ারি ২০২৩ ঃ সংখ্যা ২৩

## সর্বোত্তম গ্রাহকসেবা প্রদানের প্রত্যয়ে উপশাখা সম্প্রসারণ জোরদার করেছে পূবালী ব্যাংক লিমিটেড

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রম এবং প্রত্যন্ত এলাকায় সর্বোত্তম ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে দেশব্যাপী উপশাখা সম্প্রসারণ জোরদার করেছে পূবালী ব্যাংক লিমিটেড। ২০২০ সালের জানুয়ারীতে ব্যাংক ফেনীর পরশুরামে প্রথম উপশাখা চালু করে এবং ডিসেম্বর ২০২২ পর্যন্ত দেশব্যাপী ১২৭ টি উপশাখা অনলাইন সুবিধা সহ গ্রাহকদের সকল ব্যাংকিং চাহিদা পূরণ করে আসছে। সম্প্রতি উদ্বোধন হওয়া উল্লেখযোগ্য উপশাখাসমূহঃ


বড় মগবাজার উপশাখা, ঢাকা


আফতাব নগর উপশাখা, ঢাকা


জিঞ্জিরা উপশাখা, ঢাকা


নন্দীপাড়া উপশাখা, ঢাকা


দর্শনা উপশাখা, চুয়াডাঙ্গা


ঘাটাইল উপশাখা, টাংগাইল


ইনাতগঞ্জ উপশাখা, নবীগঞ্জ, হবিগঞ্জ


কলমাকান্দা উপশাখা, নেত্রকোনা


কোট চাঁদপুর উপশাখা, ঝিনাইদহ


লোহাগড়া উপশাখা, নড়াইল


বামুন্দি উপশাখা, গাংনি, মেহেরপুর


তালা উপশাখা, সাতক্ষীরা

## সংম্বর্ধনা



পূবালী ব্যাংক লিমিটেড বাবুরহাট শাখা, চাঁদপুর এর সিনিয়র অফিসার ও ক্যাশ ইনচার্জ আব্দুল বারেক এর পুত্র বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের খেলোয়াড় মাহমুদুল হাসান জয়কে কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের পক্ষ থেকে উষ্ণ সম্বর্ধনা দেয়া হয়। এ উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে কুমিল্লা আঞ্চলিক কার্যালয়ের অঞ্চল প্রধান ও উপমহাব্যবস্থাপক মোঃ লতিফুর রহমান, বিভিন্ন শাখার ব্যবস্থাপকবৃন্দ ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য জয় বাংলাদেশ জাতীয় দলের ৯১তম টেস্ট ক্রিকেটার হিসেবে ২০২১ সালের ডিসেম্বর মাসে পাকিস্তানের বিপক্ষে উদ্বোধনী ব্যাটার হিসেবে অভিষিক্ত হন। পরবর্তীতে অনবদ্য পারফরম্যান্স এর ধারাবাহিকতায় এযাবৎ দেশের পক্ষে ৮ টি টেস্ট ম্যাচে অংশ নিয়ে ১ টি শতক এবং ২টি অর্ধশতক রানের ইনিংস খেলে দলে নিজের অবস্থান সুসংহত করেন।

### "এ্যাম্বুলেন্স প্রদান"

............ ৪র্থ পৃষ্ঠার পর

সেতুবন্ধন ও পারস্পরিক সহযোগিতার প্রতীক হিসাবে কাজ করবে।

এ্যাম্বুলেন্স প্রদান অনুষ্ঠানে পূবালী ব্যাংকের ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক সুলতানা সরিফুন নাহার, বারডেম জেনারেল হাসপাতালের মহাপরিচালক অধ্যাপক এমকেআই কাইয়ুম চৌধুরী ও বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সিনিয়র ডিরেক্টর (ফিন্যান্স ও অ্যাকাউন্টস) বিশ্বজিৎ মজুমদারসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে বারডেম জেনারেল হাসপাতালের সাথে পূবালী ব্যাংক লিমিটেডের একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের ফলে পূবালী ব্যাংক লিমিটেডের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ বারডেম জেনারেল হাসপাতালের এক্সিকিউটিভ হেলথ চেক সেন্টার থেকে সার্ভিস চার্জে ২০% ছাড় এবং চিকিৎসা সেবায় ৩০% ছাড় পাবেন।




## সিএলএস এজেন্ট সম্মেলন-২০২২ অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড কনজ্যুমারস্ ক্রেডিট ডিভিশন এর উদ্যোগে সিএলএস এজেন্ট সম্মেলন ব্যাংকের প্রধান কার্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ শাহাদাত হোসেন। সভাপতিত্ব করেন কনজ্যুমারস্ ক্রেডিট ডিভিশন প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ মালেকুল ইসলাম।
সম্মেলনে পূবালী ব্যাংকের বিভিন্ন অঞ্চল প্রধানগণ, প্রধান কার্যালয়ের বিভিন্ন বিভাগ প্রধানগণ ও ঢাকা মহানগরের কর্পোরেট শাখা প্রধানগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ২০২১ সালের সেরা ০৮ জন সিএলএস এজেন্টদের মধ্যে ক্রেস্ট ও মোটরসাইকেল প্রদান করা হয়।

## যাঁদের হারিয়েছি ..........

সাম্প্রতিক সময়ে পূবালী পরিবার ৮ জন সদস্যদের হারিয়েছে (২০২২ সালের জুন থেকে ডিসেম্বর পর্যন্ত)। পূবালী পরিবার মহান আল্লাহ রাব্বুল আলামীনের কাছে মরহুমদের বিদেহী আত্মার মাগফেরাত কামনার পাশাপাশি শোকসন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।


**মোঃ মাসুম ভুঁইয়া**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
কাওরান বাজার শাখা
মৃত্যুঃ ২৪/০৬/২০২২


**এস. এম. সায়েম**
সিনিয়র আর্মড গার্ড
তাজপুর শাখা
মৃত্যুঃ ০৯/০৭/২০২২


**মোঃ আব্দুর রহমান**
অফিসার (ক্যাশ)
আশিরগঞ্জ বাজার শাখা
মৃত্যুঃ ০২/১০/২০২২


**উম্মে হাবিবা**
অফিসার (ক্যাশ)
ফতুল্লা শাখা
মৃত্যুঃ ০৭/১০/২০২২


**মোঃ তারেক হাসান**
সিনিয়র অফিসার
আঞ্চলিক কার্যালয়,বরিশাল
মৃত্যুঃ ১৪/১০/২০২২


**মোহাম্মদ আফতাবে আলম**
প্রিন্সিপাল অফিসার
ইসলামপুর শাখা
মৃত্যুঃ ০১/১১/২০২২


**বিশ্বজিৎ কুমার দাস**
প্রিন্সিপাল অফিসার
সংস্থাপন বিভাগ, প্রধান কার্যালয়
মৃত্যুঃ ০৭/১১/২০২২


**রমজান আলী দেওয়ান**
সিনিয়র অফিসার (ক্যাশ)
পুটিজুরি শাখা
মৃত্যুঃ ০৭/১২/২০২২




## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়কে বাস প্রদান

পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়কে একটি বাস প্রদান করেছে। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদের নিকট আনুষ্ঠানিকভাবে বাসের চাবি হস্তান্তর করেন। এসময় ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক জাহিদ আহসান উপস্থিত ছিলেন।
এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ডাঃ ছয়েফ উদ্দিন আহমদ, প্রো-ভাইস চ্যান্সেলর (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডাঃ মোঃ জাহিদ হোসেন, ট্রেজারার অধ্যাপক মোহাম্মদ আতিকুর রহমান, পূবালী ব্যাংকের ঢাকা কেন্দ্রীয় অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক সুলতানা সরিফুন নাহার এবং শাহবাগ এভিনিউ শাখা প্রধান উপ-মহাব্যবস্থাপক মোসা. মাসুমা খাতুন উপস্থিত ছিলেন।
পূবালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ আলী এই উদ্যোগের কথা উল্লেখ করে বলেন, পূবালী ব্যাংক শুধু মুনাফা অর্জন করার জন্যই ব্যবসা করেনা, এর বাহিরে সামাজিক দায়িত্ববোধও রয়েছে। এরই প্রেক্ষিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় এর জন্য পূবালী ব্যাংক একটি বাস অনুদান হিসেবে প্রদান করেছে। তিনি বলেন, এই অনুদান অনাগত দিনগুলোতে ঐতিহ্যবাহী দুই প্রতিষ্ঠানের মাঝে সৌহার্দ্য-সম্প্রীতির সেতুবন্ধন ও পারস্পরিক সহযোগিতার প্রতীক হিসাবে কাজ করবে।
বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ডাঃ মোঃ শারফুদ্দিন আহমেদ পূবালী ব্যাংকের এই অনুদানের জন্য ধন্যবাদ জানান।






## শুদ্ধাচার পুরস্কার ২০২০-২১ পেলেন ব্যাংকের প্রধান নির্বাহী সহ ৫ জন কর্মকর্তা-কর্মচারী



শুদ্ধাচার চর্চায় বাংলাদেশ সরকারের কার্যক্রমের সমান্তরালে দেশের সকল তফসিলি ব্যাংকসমূহে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ "শুদ্ধাচার প্রদান নীতিমালা" প্রণয়ন করেছে। এর আলোকে ২০২০-২০২১ অর্থবছরের জন্য পূবালী ব্যাংক লিমিটেডের পাঁচ কর্মকর্তা-কর্মচারীকে পুরস্কৃত করা হয়েছে। ব্যাংকটির প্রধান কার্যালয়ের বোর্ডরুমে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মকর্তা-কর্মচারীদের হাতে পুরস্কারের ক্রেস্ট ও সনদপত্র তুলে দেন পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী শফিউল আলম খান চৌধুরী ।

শুদ্ধাচার নীতিমালার আওতায় বাছাই কমিটি কর্তৃক ৫জন কর্মকর্তা-কর্মচারী হলেন - পরিচালনা পর্ষদ কর্তৃক নির্বাচিত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী শফিউল আলম খান চৌধুরী এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত ট্রেজারী বিভাগের উপ-মহাব্যবস্থাপক মোহাম্মদ আব্দুল মান্নান, নিতাইগঞ্জ শাখার প্রিন্সিপাল অফিসার খন্দকার মুস্তাফিজুর রহমান, কুষ্টিয়া শাখার সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও ব্যবস্থাপক মোহাম্মদ শাহ আলম এবং মহাখালী কর্পোরেট শাখার কেয়ারটেকার নিশির চিশাম।




## পূবালী ব্যাংক লিঃ এর সকল শাখা ও উপশাখায় ইসলামী ব্যাংকিং কার্যক্রম শুরু

৪৯৮টি শাখা ও ১২৭টি উপশাখায় অনলাইনের মাধ্যমে শরী'আহ্ ভিত্তিক ইসলামী ব্যাংকিং সেবা প্রদান চালু করেছে পূবালী ব্যাংক লিমিটেড। এ উপলক্ষ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী শফিউল আলম খান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান পরিচালন কর্মকর্তা মোহাম্মদ আলী। উপ-ব্যবস্থাপনা পরিচালক ও কোম্পানী সচিব জাহিদ আহসান এসময় উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য প্রদান করেন ইসলামিক ব্যাংকিং উইং এর মহাব্যবস্থাপক দেওয়ান জামিল মাসুদ।

অনলাইন ভিত্তিক ইসলামী ব্যাংকিং সেবার মাধ্যমে গ্রাহকগণ পূবালী ব্যাংকের সকল শাখা ও উপশাখা হতে ইসলামী ব্যাংকিং সুবিধা পাবেন। এর আওতায় তাঁরা সকল ধরণের আমানত হিসাব খুলতে, ভাঙ্গাতে ও নবায়ন করতে পারবেন। সকল শাখা ও উপশাখা হতে তাঁরা চেকবই গ্রহণ করতে পারবেন এবং যে কোন ধরণের ব্যাংকিং নির্দেশনা দিতে পারবেন। যাঁরা শরী'আহ্ নির্দেশিত পন্থায় বিনিয়োগ নিতে আগ্রহী তাদেরকেও সব ধরণের সেবা প্রদান করা হবে।

দেশের বৃহত্তম বেসরকারি বাণিজ্যিক ব্যাংক পূবালী ব্যাংক লিমিটেড ২০১০ সালে দুইটি ইসলামী ব্যাংকিং উইন্ডোর মাধ্যমে প্রচলিত ব্যাংকিংয়ের পাশাপাশি ইসলামী ব্যাংকিং প্রোডাক্ট প্রবর্তন করে। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন নিয়ে ২০১৯ সালে দশটি এবং ২০২০ সালে আরো পাঁচটি ইসলামী ব্যাংকিং উইণ্ডো খোলা হয়। বর্তমানে ব্যাংকের মোট ইসলামী ব্যাংকিং উইণ্ডোর সংখ্যা ১৭ টি। এরই ধারাবাহিকতায় অনলাইনের মাধ্যমে ব্যাংকের সকল শাখা ও উপ-শাখায় ইসলামী ব্যাংকিং সেবা প্রদানের জন্য পূবালী ইসলামী ব্যাংকিং চালু করা হয়েছে।



## CRM চালু করেছে পূবালী ব্যাংক লিমিটেড

সম্মানিত গ্রাহকবৃন্দকে আধুনিক ও উন্নত সেবা প্রদানের জন্য পূবালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের প্রিন্সিপাল শাখায় স্থাপিত Cash Recycler Machine (CRM) শুভ উদ্বোধন করা হয়েছে। পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী (চলতি দায়িত্ব) মোহাম্মদ আলী ফিতা কেটে CRM এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিমিটেডের আইসিটি অপারেশন ডিভিশন প্রধান ও মহাব্যবস্থাপক মোঃ হেলাল উদ্দিন, প্রিন্সিপাল শাখার মহাব্যবস্থাপক মোহাম্মদ আনিসুজ্জামান, সংস্থাপন বিভাগের মহাব্যবস্থাপক দিলীপ কুমার পাল, হেড অব কার্ডস্ ও মহাব্যবস্থাপক অসীম কুমার রায়, সফট্ওয়্যার ডেভেলপমেন্ট ডিভিশন প্রধান ও মহাব্যবস্থাপক ইন্দ্র মোহন সূত্রধর এবং এডিসি বিভাগ প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ রবিউল আলমসহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উক্ত সেবা চালু হওয়ার ফলে এখন থেকে গ্রাহকবৃন্দ নগদ টাকা উত্তোলনের পাশাপাশি কার্ডের মাধ্যমে অথবা কার্ড ছাড়াও টাকা জমা করতে পারবেন।

## "Work Life Balance for Woman in Banks" শীর্ষক দুই দিন ব্যাপী কর্মশালা



পূবালী ব্যাংক লিমিটেড এর বিভিন্ন স্তরের ৩৫ জন নারী কর্মকর্তা, নির্বাহী এবং ব্যবস্থাপকদের অংশগ্রহনে "Work Life Balance for Woman in Banks" শীর্ষক দুই দিন ব্যাপী কর্মশালা সম্প্রতি ঢাকায় অনুষ্ঠিত হয়েছে। ACTIVA Management Development Institute কর্তৃক আয়োজিত এই কর্মশালায় প্রশিক্ষক ছিলেন ভারতের কলকাতার ICFAI Business School (IBS) এর ফ্যাকাল্টি শর্বরী সাহা।

কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড এর মানব সম্পদ বিভাগের মহাব্যবস্থাপক ইসমত আরা হক।

# Pi Banking
## a mobile apps




GET IT ON Google Play
Download on the App Store

ত্রৈমাসিক
# পূবালী বার্তা

*প্রধান উপদেষ্টা*

**মোহাম্মদ আলী**
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী

*এডিটোরিয়াল প্যানেল*

**মোসাম্মৎ সাহিদা বেগম**
মহাব্যবস্থাপক ও বিভাগ প্রধান, গবেষণা ও উন্নয়ন বিভাগ

**মোহাম্মদ আশরাফুল ইসলাম**
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

**মোঃ মাইদুল হক**
প্রিন্সিপাল অফিসার

**মোঃ শফিকুল ইসলাম**
সিনিয়র অফিসার

*গ্রাফিক্স ডিজাইন*

**মোহাম্মদ রাজীব ইসলাম**
প্রিন্সিপাল অফিসার

**সুভাশীষ কুন্ডু**
অফিসার

**আফিয়া আঞ্জুম সেঁজুতি**
অফিসার

পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

**গবেষণা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড**
২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত
টেলিফোন : ৯৫১৫৭২৯, পি.এ.বি.এক্স : ২২৩৩৮১৬১৪ এক্স-৩৮১,৩৮২
আইপি ফোন : ০৯৬১২ ৮২ এক্স : ১৯৭০, ১৯৭৩, ১৯৭৪
ই-মেইল : pubalibarta@pubalibankbd.com
ওয়েব : www.pubalibangla.com